



তারিখ: ... ..  
পৃষ্ঠা: ১৬ কলাম: ১

AUG 26 2002

## মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হচ্ছে

শিক্ষামন্ত্রী

টাঙ্গাইল প্রতিনিধি

শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক বলেছেন, মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হবে। সরকার অগ্রাধিকার ভিত্তিতে এ বিষয়টি বিবেচনা করছে। তিনি রোববার টাঙ্গাইল সার্কিট হাউজে এক মতবিনিময় সভায় এ কথা বলেন। জেলাবাসীর পক্ষ থেকে টাঙ্গাইল জেলা বিএনপির সাধারণ সম্পাদক মনিরুজ্জামান বুলবুল জব্বার মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ভর্তি ও ক্লাস শুরু করার দাবির পরিপ্রেক্ষিতে শিক্ষামন্ত্রী বলেন, মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানীর প্রতি সরকার শ্রদ্ধাশীল। তাই দেশের ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মধ্যে তিনটি ছাড়া বাকিগুলোর কার্যক্রম বন্ধ করা হয়েছে। এই তিনটির মধ্যে টাঙ্গাইলের মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় রয়েছে। মতবিনিময় সভায় শিক্ষা উপমন্ত্রী অ্যাডভোকেট আবদুস সালাম পিটু, জেলা প্রশাসক শেখ আবদুর রশীদ, পুলিশ সুপার মাহবুবুর রহমানসহ জেলার বিএনপি নেতা ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন।